

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৪৩৩৮

আগরতলা, ২৪ ডিসেম্বর, ২০২৩

বড়দিন উপলক্ষে মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা

বড়দিন উপলক্ষে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা ও শুভকামনা জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ‘বড়দিন প্রভু যীশুর জন্মোৎসব। সারা বিশ্বের বিভিন্ন দেশে মানুষ এই উৎসবে সমবেত অংশ নেন। প্রভু যীশুর বিশ্ব শান্তির বার্তা আজও এই পৃথিবীতে আমাদের কাছে চিরন্তন ও প্রাসঙ্গিক। পারম্পরিক সম্প্রীতির আদান প্রদান ও সৌভ্রাতৃত্বের বার্তা নিয়ে আসে পবিত্র বড়দিন। বড়দিনের পবিত্রতা গ্লানি ও বিভেদকে মুছে দিয়ে মানবিকতায় সমৃদ্ধ করে তুলুক। সকলের সুস্থতা, সুখ সমৃদ্ধি ও উন্নততর শ্রেষ্ঠ রাজ্য গড়ে তোলাই হোক বড়দিনের প্রার্থনা।’
